‘ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল প্রবিধান (নীতিমালা) ২০২৩’

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

ঢাকা-১২৩১

23.07.23 23-07-23 23/7/2023 23.07.23

১. প্রথম অধ্যায়: আইনি ভিত্তি, শিরোনাম, সংজ্ঞা ও উদ্দেশ্য

১.১ আইনি ভিত্তি
ইসলামি শিক্ষার সাথে আধুনিক শিক্ষার সমন্বয় করে মাদরাসা শিক্ষা ব্যবস্থার উন্নয়ন ও আধুনিকীকরণ, ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের পাঠক্রম ও পাঠ্যসূচীর আধুনিকীকরণ ও উন্নতিসাধন এবং শিক্ষা ও গবেষণার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে মহান জাতীয় সংসদে ২০১৩ সালের ৩৭ নং আইন পাশের মাধ্যমে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা লাভ করে। এতদুদ্দেশে বিশ্ববিদ্যালয়ের গবেষণা কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে জার্নাল সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন। এমতাবস্থায়, 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩' এর ধারা-(০৫)/(থ) এবং ধারা-(৪৮)/(০১) মোতাবেক এই প্রবিধান/নীতিমালা প্রণয়ন করা হলো। এটি একাডেমিক কাউন্সিলের ১৪তম সভার সিদ্ধান্ত-০৫ এর অধীনে পুনর্গঠিত 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল নীতিমালা প্রণয়ন (পুনর্গঠিত) কমিটি' কর্তৃক প্রণীত।

১.২ শিরোনাম
এই নীতিমালা 'ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল প্রবিধান (নীতিমালা) ২০২৩' নামে অভিহিত হবে।

১.৩ জার্নালের নাম:
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল
مجلة الجامعة الإسلامية العربية
ISLAMIC ARABIC UNIVERSITY JOURNAL

১.৪ প্রকাশক
রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা

১.৫ প্রকাশিত হওয়ার সময়কাল
প্রতি বছর জার্নালের ০২ (দুই)টি সংখ্যা প্রকাশিত হবে। ১ম সংখ্যা 'জানুয়ারি-জুন' এবং ২য় সংখ্যা 'জুলাই-ডিসেম্বর'।

১.৬ সংজ্ঞা
প্রসংগ বা বিষয়ের পরিপন্থি কোন কিছু না থাকলে, এই নীতিমালায়-

(ক) 'বিশ্ববিদ্যালয়' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-(০৪) এর অধীনে স্থাপিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ISLAMIC ARABIC UNIVERSITY)।

(খ) 'একাডেমিক কাউন্সিল' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন, ২০১৩ এর ধারা-(২৩) এর অধীনে গঠিত বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল।

(গ) 'সিন্ডিকেট' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-(২০) এর অধীনে গঠিত বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট।

(ঘ) 'বোর্ড অব এডভান্সড স্টাডিজ' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা-(১১) এর অধীনে গঠিত বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব এডভান্সড স্টাডিজ।

(ঙ) 'কর্তৃপক্ষ' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-(১৯) এর অধীনে গঠিত বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ।

(চ) 'পাবলিক বিশ্ববিদ্যালয়' অর্থ বাংলাদেশের অভ্যন্তরে স্থাপিত সরকারী বিশ্ববিদ্যালয়সমূহ।

(ছ) 'ভাইস-চ্যান্সেলর' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর।

(জ) 'প্রো ভাইস-চ্যান্সেলর' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রো ভাইস-চ্যান্সেলর।

(ঝ) 'কেন্দ্র' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর ধারা-(২৫)/(০১) অনুযায়ী কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র এবং কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র।

(ঞ) 'ডীন' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রসমূহের প্রধান।

(ট) 'অধিভুক্ত মাদরাসা' অর্থ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃত এবং অধিভুক্ত ফাজিল (স্নাতক) ও কামিল (স্নাতকোত্তর) পর্যায়ের মাদরাসা।

Rahman
23.07.23
23-07-23
23.07.23

১.৭ জার্নাল প্রকাশের উদ্দেশ্য

(ক) আল-কুরআন, তাফসীর, হাদীস, ফিকহ, সীরাত, ইতিহাস, ইসলামি অর্থনীতি, ইসলামি রাষ্ট্রনীতি, আকাঈদ, তাসাউফ, ইসলামি দর্শন ও ইসলামের অন্যান্য বিষয়ে গবেষণা, পর্যালোচনা, মূল্যায়ন।

(খ) কুরআন-সুন্নাহর দর্পনে সমসাময়িক জীবন সমস্যার অন্তর্নিহিত দিক অনুসন্ধান, যৌক্তিক বিশ্লেষণ ও উত্তরণের উপায় উন্মোচন।

(গ) ইসলামি জীবন ব্যবস্থা সম্পর্কে একাডেমিক পর্যালোচনার মাধ্যমে সঠিক বিষয় উদ্ঘাটন।

(ঘ) বাংলাদেশ, মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু সম্পর্কে গবেষণা।

(ঙ) ইসলামি মূল্যবোধের আলোকে দেশপ্রেম ও স্বাধীনতার চেতনা জাগ্রত করার লক্ষ্যে বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্য ও কৃষ্টি-কালচার বিষয়ে গবেষণা।

(চ) মুসলিম শাসনামলের ইসলামি আইন ও বিচার, সমাজনীতি, অর্থনীতি, রাষ্ট্রনীতি ইত্যাদি বিষয়ের প্রায়োগিক চিত্র তুলে ধরা।

(ছ) ইসলামের আলোকে প্রায়োগিক বিষয়াদির যৌক্তিক ব্যাখ্যা প্রদান।

(জ) মাদরাসা শিক্ষাকে যুগোপযোগী ও বিশ্বমানে উন্নীত করার লক্ষ্যে উচ্চতর গবেষণা পরিচালনা।

(ঝ) ইসলামের আলোকে জ্ঞান সঞ্চারণ, নতুন জ্ঞানের উদ্ভাবন ও দক্ষ জনশক্তি গড়ে তোলা।

(ঞ) সন্ত্রাস-জঙ্গিবাদ-উগ্রবাদ বিষয়ে অপব্যাখ্যার সঠিক ব্যাখ্যা প্রদান।

(ট) আরবি ভাষা ও সাহিত্যসহ বিভিন্ন ভাষার ইসলামি সাহিত্যের পর্যালোচনা, গবেষণা ও মূল্যায়ন।

(ঠ) ইসলামের প্রকৃত মর্মার্থ ও মানবিক মূল্যবোধ বিস্তারের মাধ্যমে সুষম ও ভারসাম্যপূর্ণ জীবনব্যবস্থার উৎকর্ষ সাধনে অবদান রাখা।

২. দ্বিতীয় অধ্যায়: ভাষা ও বানান রীতি

২.১ প্রবন্ধের ভাষা হবে বাংলা/আরবি/ইংরেজি। তবে অন্যান্য ভাষার উদ্ধৃতি প্রদান করা যাবে।

২.২ বাংলা ভাষায় রচিত প্রবন্ধের ভাষা হবে চলতি ভাষা।

২.৩ আল-কুরআনের বাংলা অনুবাদের ক্ষেত্রে 'ইসলামিক ফাউন্ডেশন' নির্দেশিত অনুবাদ অনুসরণ করতে হবে। তবে তা চলিতরূপে উপস্থাপন করতে হবে।

২.৪ প্রবন্ধ রচনার ক্ষেত্রে 'বাংলা একাডেমি' কর্তৃক প্রণীত প্রমিত বাংলা বানানের নিয়ম অনুসরণ করতে হবে অথবা সংসদ বাঙ্গালা অভিধান, ব্যবহারিক বাংলা অভিধান, চলন্তিকা প্রভৃতি অভিধানের প্রথমভুক্তি (Entry) অনুসরণ করা বাঞ্ছনীয়।

২.৫ আরবি, উর্দু ও ফার্সি প্রতিবর্ণায়নের ক্ষেত্রে 'ইসলামিক ফাউন্ডেশন' এর বানান-রীতি অনুসরণ করা যাবে।

২.৬ আল-কুরআন, আল-হাদিস ও আরবি ভাষায় রচিত গ্রন্থ হতে সরাসরি উদ্ধৃতির ক্ষেত্রে অবশ্যই হরকত দিতে হবে।

২.৭ ভিন্ন ভাষার উদ্ধৃতির ক্ষেত্রে প্রবন্ধ সংশ্লিষ্ট ভাষায় অনুবাদ দিতে হবে।

২.৮ উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন হবে না। তবে প্রবন্ধকার কোনো বিশেষ বানান-বৈশিষ্ট্য রক্ষায় সচেষ্ট হলে তা অক্ষুণ্ন রাখা হবে।

৩. তৃতীয় অধ্যায়: পাণ্ডুলিপি রচনা ও উদ্ধৃতি উপস্থাপন

৩.১ রচনা কাঠামো ও উদ্ধৃতি উপস্থাপন

(ক) উদ্ধৃতি উপস্থাপনের ক্ষেত্রে APA Style (American Psychological Association) বা The Chicago Manual of Style অথবা অন্য কোনো স্বীকৃত পদ্ধতি অনুসরণ করে প্রবন্ধ উপস্থাপন করতে হবে।

(খ) পাণ্ডুলিপি অবশ্যই লেখক/লেখকগণের মৌলিক গবেষণা (Original Research) হতে হবে।

(গ) প্রবন্ধ কম্পিউটার কম্পোজ করে নির্ধারিত অনলাইন সিস্টেম অথবা ই-মেইলে সফট কপি এবং ডাকযোগে বা সরাসরি ০২ (দুই) কপি মুদ্রিত প্রবন্ধ জমা দিতে হবে।

(ঘ) যৌথ রচনা হলে আলাদা পৃষ্ঠায় লেখকগণের কে কোন অংশ রচনা করেছেন বা প্রবন্ধ প্রণয়নে কার কতটুকু অবদান তার বিবরণ দিতে হবে।

(ঙ) প্রবন্ধে লেখকের পেশাগত পরিচয়, জাতীয় পরিচয়পত্র, স্থায়ী ও বর্তমান ঠিকানা (ফোন/মোবাইল নম্বর, ই-মেইলসহ) থাকতে হবে।

(চ) প্রবন্ধের ভেতরে অধ্যায় (Chapter) ও উপ-অধ্যায় (Sub-Chapter) থাকলে সেগুলো আরবি সংখ্যারীতি অবলম্বনে ১.; ১.১; ১.১.১/১. ক. খ. গ... পদ্ধতিতে সাজাতে হবে।

(ছ) লেখার ভেতরে সারণি (Table), গ্রাফ ও চিত্র ইত্যাদি থাকলে সেগুলোর পর্যায়ক্রমিক নম্বর সন্নিবেশিত থাকতে হবে।

(জ) টীকা ও বক্তব্যের উৎস স্বতন্ত্রভাবে উল্লেখ করতে হবে। মূল প্রবন্ধের লেখায় অতিরিক্ত টীকা (Note) প্রদানের প্রয়োজন হলে সংশ্লিষ্ট অভিধার উপর ঊর্ধ্বলেখায় (Superscript) নম্বর প্রদান করে (যেমন, ইসতিহসান[১]) অন্ত্য-টীকা' (end-note) হিসেবে প্রদান করতে হবে। তবে অন্ত্য-টীকার ফন্টের আকার হবে ১০।

(ঝ) বক্তব্য ও উৎস উল্লেখের ক্ষেত্রে সরাসরি গ্রন্থ/প্রবন্ধ লেখকের নাম, প্রকাশকাল ও পৃষ্ঠা নম্বর উল্লেখ করতে হবে।

(ঞ) মূলপাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি হলে পৃথক অনুচ্ছেদে তা উপস্থাপন করতে হবে। কবিতার উদ্ধৃতির ক্ষেত্রে মূল কবিতার পঙ্ক্তি-বিন্যাস রক্ষা করতে হবে।

(ট) বই ও পত্রিকার নাম বাঁকা (Italic) হবে (যেমন, বই-ফাতহুল বারী, পত্রিকা-জার্নাল অব ড. সিরাজুল হক ইসলামিক রিসার্চ সেন্টার)। বিদেশী শব্দ বাংলা বর্ণীকরণের নিয়ম অনুযায়ী লিখতে হবে।

(ঠ) প্রবন্ধের টীকা এবং তথ্যসূত্র প্রবন্ধের শেষে সংযোজিত হবে।

(ড) শুরুতে প্রবন্ধের উদ্দেশ্য, ব্যবহৃত গবেষণা পদ্ধতি ও প্রাপ্ত ফলাফল সম্পর্কে অনুর্ধ্ব ২০০ শব্দের মধ্যে ইংরেজিতে একটি সারসংক্ষেপ (Abstract) থাকতে হবে। পাশাপাশি সারসংক্ষেপটি প্রবন্ধের ভাষায় অনুবাদ করতে হবে। সারসংক্ষেপের অব্যবহিত পরে ০৫টি মূলশব্দ (Keywords) উল্লেখ করতে হবে।

(ঢ) লিখিত প্রবন্ধের প্রতি পৃষ্ঠার ডান দিকের উপরের কোনায় প্রবন্ধের সংক্ষিপ্ত নাম যোগ করতে হবে।

(ণ) প্রবন্ধে কোন রকমের চৌর্যবৃত্তির (Plagiarism) আশ্রয় নেয়া যাবে না। এটি প্রমাণিত হলে প্রবন্ধটি সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(ত) প্রবন্ধে Paraphrase এবং Literature Review এর ক্ষেত্রে মূলভাব অক্ষুণ্ন রেখে নিজস্ব ভাষা ব্যবহার করতে হবে।

(থ) প্রত্যেক প্রবন্ধের সাথে লেখককে এই মর্মে একটি প্রত্যয়ন পত্র দিতে হবে যে,

ক) জমাকৃত প্রবন্ধের লেখক একমাত্র তিনি/তারা।
খ) এটি একটি মৌলিক গবেষণা প্রবন্ধ।
গ) প্রবন্ধটি ইতোপূর্বে অন্য কোন জার্নালে মুদ্রিত হয়নি কিংবা প্রকাশের জন্য অন্য কোন জার্নালে জমা দেয়া হয়নি এবং এই প্রবন্ধের বিষয়ে সকল দায়-দায়িত্ব লেখক নিজে বহন করবেন।

৩.২ প্রবন্ধের শিরোনাম

বাংলা ও আরবি প্রবন্ধের শিরোনাম এর ইংরেজিতে অনুবাদ থাকতে হবে।

৩.৩ <u>কম্পিউটার কম্পোজের নিয়মাবলি</u>

(ক) বাংলার জন্য বিজয় কি-বোর্ড এর Sutonny MJ টাইপ/ফ্রন্ট এবং ইংরেজির জন্য Time New Roman টাইপ/ফ্রন্ট এবং আরবি টাইপ/ফ্রন্টের ক্ষেত্রে Traditional Arabic ফ্রন্ট ব্যবহার করতে হবে।

(খ) কাগজের সাইজ হবে A4। প্রতি পৃষ্ঠায় মার্জিন, উপরে ২ ইঞ্চি, নিচে ২ ইঞ্চি, ডানে ১.৬৫ ইঞ্চি এবং বামে ১.৬৫ ইঞ্চি। সিঙ্গেল স্পেসে বাংলা ১৪ ও ইংরেজিতে ১২ এবং আরবিতে ১৫ পয়েন্ট।

৪. চতুর্থ অধ্যায়: প্রবন্ধ নির্বাচন পদ্ধতি

৪.১ জমাকৃত প্রবন্ধের শিরোনাম ও অবকাঠামো পর্যালোচনা করে সম্পাদনা পরিষদ সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ রিভিউয়ারের নিকট প্রেরণ করবে। প্রকাশের জন্য প্রতিটি প্রবন্ধ ০২ (দুই) জন রিভিউয়ার এর নিকট প্রেরণ করা হবে। উভয়ের ইতিবাচক ঐক্যমত ও সুপারিশের ভিত্তিতে প্রবন্ধটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে দুইজনের কোনো একজনের ইতিবাচক সুপারিশ পাওয়া না গেলে প্রবন্ধটি তৃতীয় একজন রিভিউয়ারের নিকট প্রেরণ করা হবে। এক্ষেত্রে সংখ্যাগরিষ্ঠ ঐক্যমতের ভিত্তিতে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

৪.২ রিভিউ এর জন্য প্রেরণের সময় প্রবন্ধকারের নাম পরিচয় ও রিভিউয়ারগণের পরিচয় সম্পূর্ণ গোপন রাখা হবে (Double Blind Review)।

৪.৩ সম্পাদনা পরিষদ/রিভিউয়ার বোর্ড প্রবন্ধ সংশোধনের জন্য কোনো নির্দেশনা দিলে তা সংশোধনের জন্য প্রবন্ধকারের নিকট প্রেরণ করা হবে। প্রবন্ধকারকে তা প্রয়োজনীয় সংশোধন করে ০২ বা ০৪ সপ্তাহের (অথবা বেঁধে দেয়া নির্দিষ্ট সময়) মধ্যে সংশোধিত প্রবন্ধটি পুনরায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল সম্পাদনা পরিষদের নিকট এর নিকট পৌঁছাতে হবে।

৪.৪ প্রবন্ধকার কর্তৃক প্রবন্ধটিতে প্রয়োজনীয় সংশোধনের পরও যদি এডিটোরিয়াল বোর্ড/রিভিউ বোর্ড সন্তুষ্ট না হন তবে উক্ত প্রবন্ধটি বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে প্রবন্ধকারের নিকট মূল পান্ডুলিপিটি ফেরত দেয়া হবে না। তবে, প্রবন্ধের বিষয়বস্তুর গুরুত্ব বিবেচনায় যদি সম্পাদনা পরিষদ পুনরায় সংশোধনের প্রয়োজন মনে করেন তাহলে একাধিকবার সংশোধন করতে পারবে।

৪.৫ সম্পাদনা পরিষদ ও রিভিয়ারের মতামতের ভিত্তিতে প্রবন্ধ প্রকাশের জন্য চূড়ান্ত করা হবে।

Rahman

23.07.23

২৩/৭/২০২

৫. পঞ্চম অধ্যায়: উপদেষ্টা ও সম্পাদনা পরিষদ

৫.১ উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা : ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;

সদস্য : ক. প্রো ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়;
খ. পাবলিক বিশ্ববিদ্যালয়ের ০৩ (তিন) জন অধ্যাপক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত);
গ. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কামিল মাদরাসার পিএইচ.ডি ডিগ্রিধারী ০৩ (তিন) জন অধ্যক্ষ/সহকারী অধ্যাপক হতে তদূর্ধ পর্যায়ের শিক্ষক। (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত হবেন);

৫.২ সম্পাদনা পরিষদ

সম্পাদক : ডীন, কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র। (ডীন-এর অবর্তমানে ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত ব্যক্তি সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করবেন)।

সদস্য : ক. ডীন, ফাজিল (স্নাতক) শিক্ষা বিষয়ক কেন্দ্র।
খ. ডীন, কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র।
গ. পাবলিক বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের ০১ (এক) জন, আরবি বিভাগের ০১ (এক) জন, বাংলা বিভাগের ০১ (এক) জন ও ইংরেজি বিভাগের ০১ (এক) জন অধ্যাপক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত হবেন)।
ঘ. অধিভুক্ত কামিল (স্নাতকোত্তর) মাদরাসার পিএইচ.ডি ডিগ্রিধারী ০২ (দুই) জন অধ্যক্ষ/সহকারী অধ্যাপক হতে তদূর্ধ পর্যায়ের শিক্ষক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত হবেন)।

সহকারী সম্পাদক : ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ০৩ (তিন) জন শিক্ষক (ভাইস চ্যান্সেলর কর্তৃক মনোনীত হবেন)।

৫.৩ সম্পাদনা পরিষদের কার্যপরিধি

(ক) একটি রিভিউয়ার প্যানেল তৈরী করা।

(খ) প্রবন্ধের শিরোনাম ও অবকাঠামো বিভিউ সম্পন্ন করে রিভিউয়ার প্যানেল থেকে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ রিভিউয়্যারের নিকট প্রেরণ করা। বিশেষ ক্ষেত্রে দুইজন বা তদূর্ধ বিশেষজ্ঞের নিকট থেকে মতামত গ্রহণ করা যাবে।

(গ) প্রবন্ধের কোনো সংশোধনী থাকলে তার সঠিক নির্দেশনা দেয়া।

(ঘ) সংশোধনের নির্দেশনা অনুযায়ী প্রবন্ধকারের নিকট থেকে সংশোধিত হয়ে আসার পর তা পুণর্মূল্যায়ন করে জার্নালে প্রকাশের জন্য চূড়ান্ত করা।

(ঙ) প্রকাশিত প্রবন্ধ পিয়ার রিভিউ আর্টিক্যাল (Peer Review Article) হিসেবে স্বীকৃতি দেয়া।

(চ) বিশেষ প্রয়োজনে উদ্ভূত চাহিদার আলোকে জার্নাল সম্পাদনা ও প্রকাশনা সম্পর্কিত বিধি মোতাবেক অন্যান্য কাজের ব্যবস্থা করা।

(ছ) যে কোনো প্রবন্ধ গ্রহণ ও বর্জনের পূর্ণ অধিকার সম্পাদনা পরিষদ সংরক্ষণ করবেন।

৬. ষষ্ঠ অধ্যায়: বিবিধ

৬.১ প্রতিটি সভায় অংশগ্রহণের জন্য সম্পাদনা পরিষদের প্রত্যেক সদস্য বিশ্ববিদ্যালয়ের সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ/সিন্ডিকেট কর্তৃক গঠিত কমিটিসমূহের অনুরূপ ভাতাদি প্রাপ্য হবেন।

৬.২ বিধি মোতাবেক টিএ ও ডিএ প্রাপ্য হবেন (বহিঃসদস্যবৃন্দের জন্য প্রযোজ্য)।

৬.৩ প্রতিটি মিটিংয়ে বিধি মোতাবেক আপ্যায়নের ব্যবস্থা থাকবে।

৬.৪ প্রতিটি প্রবন্ধ রিভিউয়ের জন্য প্রত্যেক রিভিউয়ার ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা হারে সম্মানী প্রাপ্য হবেন।

৬.৫ প্রতিটি প্রকাশিত প্রবন্ধের জন্য প্রবন্ধকারকে ২,৫০০.০০ (দুই হাজার পাঁচশত) টাকা, ০৩ (তিন) কপি জার্নাল এবং ০৫ (পাঁচ) কপি অফপ্রিন্ট প্রদান করা হবে।

৬.৬ ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নালের একই সংখ্যায় বাংলা/আরবি/ইংরেজি বা অন্য যেকোনো ভাষার প্রবন্ধ প্রকাশিত হতে পারে অথবা বাংলা/ইংরেজি/আরবি ভাষায় স্বতন্ত্রভাবে একাধিক প্রবন্ধ নিয়ে জার্নালের ভিন্ন ভিন্ন সংখ্যা প্রকাশ করা যেতে পারে।

৬.৭ এই নীতিমালা সংক্রান্ত যেকোনো ধরনের সংশোধন, পরিমার্জন, পরিবর্ধন, সংযোজন ও বিয়োজনের প্রয়োজন হলে সম্পাদনা পরিষদ সংশ্লিষ্ট বিষয়ে একাডেমিক কাউন্সিলে সুপারিশ প্রেরণ করবে। একাডেমিক কাউন্সিল কর্তৃক অনুমোদিত হলেই কেবল তা কার্যকর হবে।

৬.৮ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল, সিন্ডিকেট ও সংবিধিবদ্ধ কর্তৃপক্ষ কর্তৃক সময় সময় যে সকল আইন/বিধি/সংবিধি/প্রবিধি/প্রবিধান/নীতিমালা প্রণীত হবে এবং তাতে জার্নাল সংশ্লিষ্ট কোনো বিষয় থাকলে তা এই নীতিমালার অংশ হিসেবে গণ্য হবে।

23.07.23

Rahman

‘পরিশিষ্ট - ক’

‘ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় জার্নাল নীতিমালা প্রণয়ন (পুনর্গঠিত) কমিটি’-এর সম্মানিত সদস্যবৃন্দঃ

ক্রম.	নাম ও পদবী (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	কমিটিতে অবস্থান	স্বাক্ষর
০১.	প্রফেসর ড. মুহাম্মদ আব্দুর রশীদ ভাইস চ্যান্সেলর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	আহ্বায়ক	
০২.	প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ প্রো-ভাইস চ্যান্সেলর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য	23.07.23
০৩.	প্রফেসর ড. মুহাম্মদ আব্দুল অদুদ ইসলামিক স্টাডিজ বিভাগ জগন্নাথ বিশ্ববিদ্যালয়	সদস্য	
০৪.	প্রফেসর ড. মুহাম্মদ মাহবুবুর রহমান ইসলামিক স্টাডিজ বিভাগ রাজশাহী বিশ্ববিদ্যালয়	সদস্য	Rahman 23/07/23
০৫.	ড. মাওলানা সৈয়দ মুহা. শরাফত আলী অধ্যক্ষ, ছারছীনা দারুস্ সুন্নাত কামিল মাদরাসা, পিরোজপুর	সদস্য	23.07.23
০৬.	ড. জাভেদ আহমাদ সহকারী অধ্যাপক (আরবি) কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়	সদস্য-সচিব	23.07.2023